

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২০৬

ا كتاب التجارات) ३২/ व्यवंत्रा-वांंगें (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/২৯. দরদাম করে ক্রয়-বিক্রয় করা।

بَابِ السَّوْم

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، وَسَهْلُ بْنُ أَبِي سَهْلٍ، قَالاَ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، أَنْبَأَنَا الرَّبِيعُ بْنُ حَبِيبٍ، عَنْ نَوْفَلِ بْنِ عَبْدِ الْمَلِكِ، عَنْ أَبِيهِ، عَنْ عَلِيٍّ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنْ السَّوْمِ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَعَنْ ذَبْحِ ذَوَاتِ الدَّرِّ.

বাংলা

৩/২২০৬। আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য উঠার আগে দরদাম করতে এবং দুগ্ধবতী পশু যবহ করতে নিষেধ করেছেন।

English

It was narrated that 'Ali said:

"The Messenger of Allah (ﷺ) forbade haggling before sunrise, and (he forbade) slaughtering animals that yield milk."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ৪৭১৯।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী বিন হাবীব সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, রাবী নাওফাল থেকে মুনকার সুত্রে হাদিস বর্ণনা করেছেন। আবু হাতিম আর-রাযীকে জিজ্ঞেস করা হল আপনি কি তার থেকে হাদিস গ্রহন করেছেন? তিনি উত্তরে বললেন, যার ইচ্ছা সে তার থেকে হাদিস গ্রহন করতে পারে তবে তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৮৫৬, ৯/৬৭ নং পৃষ্ঠা) ২. নাওফাল বিন আবদুল মালিক সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার কিছু বিষয় অজ্ঞাত। তাহরীক্র তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৫০০,



৩০/৬৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন